

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

- ১। যোগাযোগ ও রাস্তাঘাট নির্মাণ সংক্রান্ত
- ২। বিবিধ।



(মোঃ আতাউর রহমান)
উপজেলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রকৌশলী স্থানীয় সরকার ময়মনসিংহ।
- ২। উপ- পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান..... ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয়সরকার ও প্রকৌশল অধিদপ্তর
গফরগাঁও, ময়মনসিংহ।

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, উপজেলা পরিষদ গফরগাঁও, ময়মনসিংহ।
সভার তারিখ : ১২/০৯/২০২১ খ্রিঃ সময় : দুপুর ২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি উপজেলা কমিটির সদস্য-সচিব ও উপজেলা প্রকৌশলী, স্থানীয়সরকার ও প্রকৌশল অধিদপ্তর, গফরগাঁওকে তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সভায় উপস্থাপনের অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী জনাব জাকির হোসেন সভায় স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরের কার্যক্রমে উপস্থাপন করেন।


আলোচনা : ১

গফরগাঁও রোস্তমআলী গোলন্দাজ উচ্চ বিদ্যালয়, আলতাফ গোলন্দাজ মহাবিদ্যালয় ও কাওরাইদ গয়েশপুর কলেজে এই শিক্ষ প্রতিষ্ঠান সমূহে প্রায় ১৫০০ করে মোট ৪৫০০ ছাত্রী রয়েছে যেখানে মেয়েদের জন্য বিশেষ ব্যবস্থাপনায় কোন গার্লস ফ্যাসিলিটি রুম এর ব্যবস্থা নেই যার পরিপ্রেক্ষিতে মেয়েরা অসুস্থ হলে তাদের বিশ্রামের অসুবিধা হয় অন্যদিকে মেয়েদের মাসিক পিরিয়ডকালীন সময়ে তারা স্বাস্থ্যসম্মত পরিবেশে নিজেদের ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা বিষয়াদি সম্পন্ন করতে পারছেন না। ফলে মাঝে মাঝে অনেক মেয়ে বিদ্যালয় ও কলেজে অসুস্থ হয়ে পরে ও পরবর্তীতে দীর্ঘ সময়ধরে শিক্ষকা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকে। উক্ত বিষয়টির সমস্যাকে গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে উল্লেখিত প্রতিষ্ঠান সমূহে একটি করে গার্লস ফ্যাসিলিটি রুম নির্মাণ করা জরুরী। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত :

গফরগাঁও রোস্তমআলী গোলন্দাজ উচ্চ বিদ্যালয়, আলতাফ গোলন্দাজ মহাবিদ্যালয় ও কাওরাইদ গয়েশপুর ডিগ্রি কলেজ, এই শিক্ষ প্রতিষ্ঠান সমূহের ছাত্রীদের সমস্যাটি গুরুত্বপূর্ণ বিধায় বিষয়টি বিশেষ বিবেচনায় উল্লেখিত ০৩টি শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে গার্লস ফ্যাসিলিটি রুম নির্মাণ করার লক্ষ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহায়তায় উপ-প্রকল্প প্রস্তাবনা ০৩টি উপজেলা পরিষদে প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আতাউর রহমান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, গফরগাঁও।

স্মারক নং-এলজিইডি/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ১২/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রকৌশলী স্থানীয় সরকার ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ
- ৫। চেয়ারম্যান..... ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা প্রকৌশলী

স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর

গফরগাঁও, ময়মনসিংহ